# আত্ তারগীব ওয়াত্ তারহীব

## হাদিস নাম্বারঃ ১৭৩

৪. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৬) ওযর ছাড়া ফরয গোসলে দেরী করার প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من تأخير الغسل لغير عذر

আরবী

(حسن لغيره) عَنْ عَمَّارِ بْنِ يَاسِرٍ أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ ثَلَاثَةٌ لَا تَقْرَبُهُمْ الْمَلَائِكَةُ جِيفَةُ الْكَافِرِ وَالْمُتَضَمِّخُ بِالْخَلُوقِ وَالْجُنُبُ إِلَّا أَنْ يَتَوَضَّأَ. رواه أبو داود

বাংলা

১৭৩. (হাসান লি গাইরিহী) আম্মার বিন ইয়াসের (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ তিন ব্যক্তির নিকট (রহমত ও বরকতের) ফেরেশতা নিকটবর্তী হয় না। (১) কাফেরের লাশ (২) খালুক (বা রঙ্গিন খশবু) ব্যবহারকারী ব্যক্তি (৩) নাপাক ব্যক্তি, অবশ্য যদি সে ওযু করে নেয় তবে কোন অসুবিধা নেই।”

(হাদীছটি বর্ণনা করেছেন আবু দাউদ ৪১৮০)

হাফেয মুনযেরী (রহঃ) বলেন, এখানে ফেরেশতা বলতে রহমত ও বরকতের ফেরেশতা উদ্দেশ্য। হেফাযত বা সংরক্ষণের কাজে নিয়োজিত ফেরেশতা উদ্দেশ্য নয়। কেননা তাঁরা কোন সময়ই মানুষ থেকে আলাদা থাকেন না।

অতঃপর বলা হয়েছে: এই হাদীছ তাদের ক্ষেত্রেই প্রযোজ্য হবে যারা বিনা ওযরে ফরয গোসল করতে দেরী করে। ওযর থাকলে যদি ওযু করা সম্ভব থাকে তবে ওযু না করলেও তার ক্ষেত্রে প্রযোজ্য হবে। কেউ বলেছেন: এ দ্বারা উদ্দেশ্য হচ্ছে যারা সর্বাদা উদাসীনতা ও অলসতা করে গোসল করতে দেরী করে এবং এটাকে অভ্যাসে পরিণত করে নেয়।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আম্মার ইবনু ইয়াসির (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87933

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন